

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
(প্রাইজবন্ড, সঞ্চয়পত্র ও সঞ্চয়বন্ড শাখা)

সূত্রঃ সার্কুলার নংঃ ডিএমডি- ০৫/২০১২

তারিখঃ ০৯/০৭/২০১২

বাংলাদেশ ব্যাংক এর সকল শাখা অফিসের প্রধান এবং
ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশের তফসিলি ব্যাংকসমূহ।

প্রিয় মহোদয়,

ওয়েজ আর্নার ডেভলপমেন্ট বন্ড, ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড এবং
ইউ.এস. ডলার ইনভেস্টমেন্ট বন্ড ক্রয় প্রসঙ্গে।

এফ.সি. একাউন্ট খোলা ও বন্ড ক্রয়ের জন্য বিদেশে অবস্থিত বাংলাদেশী পাসপোর্টধারী নাগরিক ও বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিকদের কাগজপত্রাদি বিদেশে অবস্থিত বাংলাদেশী দূতাবাস হতে সত্যায়িত করতে হয় যা বিনিয়োগকারীদের জন্য অসুবিধাজনক ও ব্যয়বহুল। এ সমস্যা সমাধানকল্পে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, প্রয়োজনীয় কাগজপত্রাদি বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস হতে সত্যায়ন করার পরিবর্তে বাংলাদেশী পাসপোর্টধারীগণ তাদের পাসপোর্টের কপি প্রদান করে এবং বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিকগণ তাদের পাসপোর্টে বাংলাদেশ দূতাবাস হতে পাওয়া “**No Visa Required**” সিল-সহ পাসপোর্টের কপি প্রদান করে ওয়েজ আর্নার ডেভলপমেন্ট বন্ড, ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউ.এস. ডলার ইনভেস্টমেন্ট বন্ড ক্রয়ের সুযোগ পাবেন। এ লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশ দানের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

-স্বা-

(বিষ্ণু পদ সাহা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩১